**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22-09-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যে পিছিয়ে পড়া ৩৯২টি জনজাতি গ্রামকে মডেল গ্রাম তৈরির উদ্যোগ নিয়েছে কেন্দ্রীয় সরকার।**

**(২) নদী রক্ষায় ও নদী দূষণ রোধে সকলকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, কোয়াড গোষ্ঠীর দেশগুলি মানবতার স্বার্থে ও গণতান্ত্রিক মূল্যবোধের ভিত্তিতে কাজ করছে ।**

**(৪) ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবলে আজকের খেলায় লালবাহাদুর ব্যায়ামাগার জয়লাভ করেছে।**

*******************************************

**Model Village:**

রাজ্যে পিছিয়ে পড়া ৩৯২টি জনজাতি গ্রামকে মডেল গ্রাম তৈরির জন্য উদ্যোগ নিয়েছে কেন্দ্রীয় সরকার। এরমধ্যে খোয়াই জেলায় রয়েছে ৩৭টি গ্রাম। খোয়াই জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রান আজ আকাশবাণীর খোয়াই জেলা প্রতিনিধিকে এ সংবাদ জানান। জেলা শাসক আরোও জানান, পরিকাঠামো বিকাশ, গ্রামের রাস্তাঘাট, পানীয় জল, উন্নততর স্বাস্থ্য ব্যবস্থা, শিক্ষা ব্যবস্থা, কৃষি ব্যবস্থা, সেচ ব্যবস্থা সহ প্রত্যেকটি গুরুত্বপূর্ণ কাজ এই প্রকল্পের অন্তর্ভুক্ত থাকবে।

*********************

**Governor, Sonamura:**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, যেকোন সভ্যতা সংস্কৃতি গড়ে উঠে নদীকে কেন্দ্র করে। নদী রক্ষায় ও নদী দূষণ রোধে এগিয়ে আসতে হবে সকলকে। আজ সিপাহীজলা জেলার সোনামুড়ার শ্রীমন্তপুর আন্তর্জাতিক স্থলবন্দর সংলগ্ন গোমতী নদীর তীরে গড়ে উঠা স্থায়ী জে.টিতে গঙ্গা পূজায় অংশ নিয়ে তিনি একথা বলেন। রাজ্যপাল বলেন, সিন্দু সভ্যতা থেকে শুরু করে বিভিন্ন সভ্যতা গড়ে উঠেছিল নদীকে কেন্দ্র করে। নদীতে আবর্জনা না ফেলা ও ড্রেনের গন্তব্য যেন নদীতে না হয় তার আবেদন রাখেন রাজ্যপাল। বিশ্ব নদী দিবস উপলক্ষে এই পূজার আয়োজন করা হয়।

এর আগে রাজ্যপালকে বি.এস .এফের তরফ থেকে প্রথমে গার্ড অফ অনার দেওয়া হয়। পরে রাজ্যপাল শ্রীমন্তপুর আন্তর্জাতিক স্থলবন্দর ঘুরে দেখেন। সীমান্তের জিরো পয়েন্টে রাজ্যপালকে BGB-র কমান্ডেন্ট আহম্মেদ নাসিম রেজ্জাক পুস্পস্তবক দিয়ে সংবর্ধনা জানান। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ল্যান্ডপোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার ম্যানেজার দেবাশীষ নন্দী, কাস্টমস সুপার প্রদীপ রাউথ, বি.এস.এফের ডি.আই.জি রাজীব অগ্নিহোত্রী প্রমুখ।

********************

**Swachhata Hi Seva:**

জাতির জনক মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তীকে সামনে রেখে ঊনকোটি জেলা প্রশাসনের উদ্যোগে আজ ফটিকরায় বাজারে "স্বচ্ছতা হি সেবা" কর্মসূচির অন্তর্গত স্বচ্ছতা অভিযান অনুষ্ঠিত হয়।

এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তপশিলী জাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস পরিচ্ছন্নতার জন্য, ব্যক্তি ও সমষ্টিগত স্বাস্থ্য রক্ষার প্রয়োজনে সবাইকে এগিয়ে আসার

আহ্বান জানান। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশে চালু করেছেন স্বচ্ছ ভারত তথা স্বচ্ছ ভারত মিশন। আজ এই অভিযান জন ভাগিদারীর মাধ্যমে জন আন্দোলনের রূপ নিয়েছে।

আজকের কর্মসূচিতে উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জেলাশাসক দিলীপ কুমার চাকমা প্রমুখ। এই কর্মসূচিতে আজ ফটিকরায় বাজার ও তার সন্নিহিত এলাকা পরিষ্কার-পরিছন্ন করা হয়। এছাড়া ফটিকরায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র চত্বরে বৃক্ষরোপণ করা হয়।

********************

**Swacchata camping:**

স্বচ্ছ ভারত মিশনের দশম বার্ষিকী উদযাপন ১৪ই সেপ্টেম্বর থেকে পয়লা অক্টোবর পর্যন্ত রাজ্যেও পালন করা হচ্ছে। তারই অঙ্গ হিসাবে জাতীয় স্বাস্থ্য মিশন রাজ্য কার্যালয়ে আজ স্বচ্ছতাই সেবা প্রচার অভিযান কর্মসূচির সূচনা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য সচিব কিরণ গিত্তে। তিনি বলেন, স্বচ্ছ ভারত দিবস অভিযানে এবছরের থিম হল "স্বভাব স্বচ্ছতা-সংস্কার স্বচ্ছতা"। শ্রী গিত্তে আরও বলেন, এই কর্মসূচির মধ্যে রয়েছে স্বচ্ছতা কি ভাগীদারি, শ্রমদানের মাধ্যমে সম্পূর্ণ স্বচ্ছতা, সাফাই মিত্র সুরক্ষা শিবির। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন এনএইচএম রাজ্য অধিকর্তা শমিত রায় চৌধুরী প্রমুখ। উপস্থিত অতিথিরা "এক পেড মা কে নাম" কর্মসূচিতে বৃক্ষরোপণ করেন।

********************

**Current Affairs:**

পশ্চিম জেলার অন্তর্গত বিভিন্ন বাজার, স্কুল কলেজগুলিতে পক্ষকালব্যপী স্বচ্ছতা হি সেবা কর্মসুচী পালিত হচ্ছে। আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগের সাপ্তাহিক আলোচনামূলক অনুষ্ঠানে অংশ নিয়ে একথা বলেন পশ্চিম জেলার জেলাশাসক ও সমাহর্তা

ড. বিশাল কুমার। তিনি বলেন, শুধু পক্ষকালব্যপী নয় বছরের প্রতিটি দিন পরিস্কার পরিচ্ছন্ন থাকতে হবে, তবেই সুস্থ্য সমাজ সুস্থ্য পরিবেশ গড়ে ওঠবে। তিনি বলেন.....

#####Byte#####

********************

**Sodosyota Abhijan:**

বিজেপির সদস্যতা অভিযানকে  সফল করার লক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ  টাউন বড়দোয়ালী বিধানসভা কেন্দ্রের বিভিন্ন ওয়ার্ডে বাড়ি বাড়ি যান। তিনি দলের সদস্যতা গ্রহণে সাধারণ মানুষকে উৎসাহিত করেন । তিনি বলেন সারা দেশের সাথে ত্রিপুরায়ও ভারতীয় জনতা পার্টির সদস্যতা অভিযানে ব্যাপকভাবে সাড়া পরিলক্ষিত হচ্ছে। গত ৩ তারিখ থেকে এখন পর্যন্ত প্রায় ৪ লক্ষ নাগরিক বিজেপি পরিবারে সামিল হয়েছে বলে তিনি দাবি করেন।

********************

**The All Tripura Book Sealers:**

দি অল ত্রিপুরা বুক সেলার্স এন্ড পাবলিশার্স অ্যাসোসিয়েশন-এরবার্ষিক সাধারণ সভা আজ অনুষ্ঠিত হয় মহারানী তুলসিবাতি বালিকা বিদ্যালয়ে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা। এছাড়া ছিলেন সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের মন্ত্রী টিংকু রায়, সংগঠনের সম্পাদক উত্তম চক্রবর্তী সহ অন্যান্যরা। বার্ষিক সাধারণ সভায় গৃহিত দু’দফা দাবি সনদ মুখ্যমন্ত্রী হাতে তুলে দেওয়া হয়। এছাড়া বন্যা দুর্গতদের সাহায্যার্থে ৫০ হাজার টাকার চেক সংগঠনের পক্ষ থেকে মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিলে প্রদান করা হয়।

********************

**Blood Donation:**

তরুণ সাংবাদিক প্রয়াত শান্তনু ভৌমিকের স্মরণে আজ আগরতলায় এক রক্তদান শিবিরের আয়োজন করে সি আই টি ইউ জিরানিয়া মহকুমা অঞ্চল কমিটি। এই রক্তদান শিবিরে উপস্থিত ছিলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, প্রাক্তন মন্ত্রী তথা সিআইটি ইউ রাজ্য সভাপতি মানিক দে সহ অন্যান্যরা। শিবিরে প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার সাংবাদিক শান্তনু ও সুদীপ হত্যার সঙ্গে যুক্ত দোষীদের চিহ্নিত করে উপযুক্ত শাস্তির দাবি জানান। শিবিরে ৩০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

********************

**Governor, Sonamura:**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, যেকোন সভ্যতা সংস্কৃতি গড়ে উঠে নদীকে কেন্দ্র করে। নদী রক্ষায় ও নদী দূষণ রোধে এগিয়ে আসতে হবে সকলকে। আজ সিপাহীজলা জেলার সোনামুড়ার শ্রীমন্তপুর আন্তর্জাতিক স্থলবন্দর সংলগ্ন গোমতী নদীর তীরে গড়ে উঠা স্থায়ী জে.টিতে গঙ্গা পূজায় অংশ নিয়ে তিনি একথা বলেন। রাজ্যপাল বলেন, সিন্দু সভ্যতা থেকে শুরু করে বিভিন্ন সভ্যতা গড়ে উঠেছিল নদীকে কেন্দ্র করে। নদীতে আবর্জনা না ফেলা ও ড্রেনের গন্তব্য যেন নদীতে না হয় তার আবেদন রাখেন রাজ্যপাল। বিশ্ব নদী দিবস উপলক্ষে এই পূজার আয়োজন করা হয়।

এর আগে রাজ্যপালকে বি.এস .এফের তরফ থেকে প্রথমে গার্ড অফ অনার দেওয়া হয়। পরে রাজ্যপাল শ্রীমন্তপুর আন্তর্জাতিক স্থলবন্দর ঘুরে দেখেন। সীমান্তের জিরো পয়েন্টে রাজ্যপালকে BGB-র কমান্ডেন্ট আহম্মেদ নাসিম রেজ্জাক পুস্পস্তবক দিয়ে সংবর্ধনা জানান। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ল্যান্ডপোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার ম্যানেজার দেবাশীষ নন্দী,

কাস্টমস সুপার প্রদীপ রাউথ, বি.এস.এফের ডি.আই.জি রাজীব অগ্নিহোত্রী প্রমুখ।

*********************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, কোয়াড সম্মেলন এমন একটা সময়ে অনুষ্ঠিত হচ্ছে যখন বিশ্বের নানা প্রান্তে উত্তেজনা এবং সংঘর্ষের বাতাবরণ রয়েছে। এমন পরিস্থিতিতে কোয়াড গোষ্ঠীর দেশগুলি একসঙ্গে মিলে কাজ করছে মানবতার স্বার্থে, গণতান্ত্রিক মূল্যবোধের ভিত্তিতে। বিশ্বশান্তির জন্য কোয়াড তাই গুরুত্বপূর্ণ। আমেরিকার ডেলওয়ারের উইলনমিংটনে কোয়াড সম্মেলনে যোগ দিয়ে প্রধানমন্ত্রী একথা বলেন।

ভারতের বিদেশ সচিব বিক্রম মিস্ত্রি সাংবাদিকদের বলেন, কোয়াড শীর্ষ বৈঠক এবং বিভিন্ন পর্যায়ে দ্বিপাক্ষিক আলোচনার মাধ্যমে প্রধানমন্ত্রী বিশ্বের শান্তি, নিরাপত্তা এবং আর্থিক বৃদ্ধি প্রসঙ্গে ভারতের দৃষ্টিভঙ্গি তুলে ধরেছেন।

*********************

**Mega legal services Camp:**

ধলাই জেলার লংতরাইভ্যালী মহকুমার ময়নামায় আজ মেগা লিগ্যাল সার্ভিসেস শিবির অনুষ্ঠিত হয়। লংতরাইভ্যালী মহকুমা প্রশাসনের সহযোগিতায় মহকুমা আইনসেবা কমিটি এই শিবিরের আয়োজন করে। উপস্থিত ছিলেন ধলাই জেলার জেলা ও দায়রা বিচারক গৌতম সরকার, লংতরাইভ্যালী মহকুমার এসডিজেএম অম্লান মুখার্জি সহ অন্যান্যরা। শিবিরে বিবাহ নিবন্ধিকরন, জন্ম ও মৃত্যুর শংসাপত্র, পিআরটিসি সহ অন্যান্য নথী সুবিধাভোগীদের হাতে তুলে দেওয়া হয়। এছাড়া স্থানীয়রা বিনামূল্যে আইনি পরিষেবাও পেয়েছেন বলে জানান এসডিজেএম অম্লান মুখার্জি ।

*********************

**Meeting:**

বিভিন্ন দপ্তরের সমস্ত শূন্যপদ পূরণ করা, আউটসোর্সিং প্রথা বন্ধ করা, নিয়োগের ক্ষেত্রে স্বচ্ছতা বজায় রাখা সহ তিন দফা দাবিতে বামপন্থী ছাত্র যুব সংগঠন SFI.DYFI.TSU.TYF-এর উদ্যোগে আজ রাজধানীর তুলসীবতী স্কুলে প্রঙ্গনে এক জমায়েত অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সংগঠনগুলোর রাজ্য নেতৃত্ব নবারুণ দেব, পলাশ ভৌমিক, কৌশিক রায় দেববর্মা, সন্দীপন দেব সহ অন্যান্যরা।

********************

**Death of Drama Artis:**

খোয়াইয়ের অগ্রণী নাট্য সংস্থা কালচারাল ক্যাম্পেইনের প্রতিষ্ঠাতা সম্পাদক তথা নাট্য অভিনেতা মানিক পালের আজ মৃত্যু হয়। আগরতলা জি বি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৮ বছর। মানিক পালের প্রয়ানে খোয়াই জুড়ে গভীর শোকের ছায়া নেমে আসে । আজ সুভাষ পার্কস্থিত নিজ বাড়িতে মরদেহ নিয়ে এলে বিধায়ক নির্মল বিশ্বাস সহ নাট্য জগতের বহু মানুষ তাকে শেষ শ্রদ্ধা জ্ঞাপন করেন।

********************

**Puja meeting:**

দুর্গা পুজো উদ্যোক্তাদের নিয়ে আজ  পূর্ব থানায় প্রশাসনিক বৈঠক হয়েছে। বৈঠকে পূর্ব থানা এলাকার সমস্ত পুজো কমিটির প্রতিনিধিরা,  পুলিশ, ট্রাফিক ইউনিট, দমকল, পুর নিগম, বিদ্যুৎ নিগমের অফিসাররা উপস্থিত ছিলেন। পূর্ব থানার ওসি রানা চ্যাটার্জি জানান, পুজোতে শান্তি শৃঙ্খলা বজায় রাখতে মূলত আলোচনা হয়েছে। বৈঠকে এবছরও ভিড় নিয়ন্ত্রনে পুজো উদ্যোক্তাদের সহযোগিতা চাওয়া হয়েছে।

********************

**CPIM UDAIPUR:**

সি পি আই (এম) দলের সাধারণ সম্পাদক প্রয়াত সীতারাম ইয়েচুরির স্মরণ সভা আজ উদয়পুরে অনুষ্ঠিত হয় l এই সভায় দলের রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী, রাজ্য কমিটির সদস্য রতন ভৌমিক ও অন্যান্যরা ইয়েচুরির স্মরণে আলোচনা করেন।

*********************

**Swacchata Hi Seva:**

"স্বচ্ছতা হি সেবা" কর্মসূচির অঙ্গ হিসাবে আগরতলা পুর নিগমের ২৮ নম্বরের ওয়ার্ড-এর উদ্যোগে আজ ওয়ার্ড ভিত্তিক স্বচ্ছ ভারত অভিযানের আয়োজন করা হয়। যোগেন্দ্রনগর বনকুমারী মুক্তমঞ্চের সামনে সাফাই অভিযানের সূচনা করেন কর্পোরেটর নন্দু দুলাল দেবনাথ। ওয়ার্ডের মহাশক্তি সংঘ, নেতাজি সংঘ, অগ্রদূত ক্লাব, প্রত্যয় সমাজিক সংস্থা, মধ্যপাড়া যুব সংস্থা, বিদ্যাসাগর প্লে সোসাইটি সহ বিভিন্ন ক্লাব ও সামাজিক সংস্থা এই স্বচ্ছ ভারত অভিযানে অংশ নেয়।

*********************

**Chandra Smiti Leage:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় লালবাহাদুর ব্যায়ামাগার জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় লালবাহাদুর ব্যায়ামাগার ২-১ গোলে নাইন বুলেটস ক্লাবকে পরাজিত করে।

*********************

**FIFA Women Football:**

ফুটবলের বিশ্ব সংস্থা ফিফা'র উদ্যোগে মহিলা ফুটবলের প্রসারে আজ সকালে উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনূর্ধ্ব ১১ বছরের বালিকা ফুটবলারদের নিয়ে এক কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে সারা

রাজ্য থেকে ১২৪ জন বালিকা অংশ নেয়। এই কর্মসূচীর সূচনা করে মেয়েদের ফুটবলের প্রসারে ফিফার এই উদ্যোগকে স্বাগত জানান রাজ্যের অলিম্পিয়ান জিমন্যাস্ট পদ্মশ্রী দীপা কর্মকার। ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের পরিচালনায় কর্মসূচীতে অংশ নেয়া মেয়েদের ফুটবলের সরঞ্জাম দেয়া হয়। পরে তারা আড়াই ঘন্টা উমাকান্ত মিনি স্টেডিয়ামে ফান্ ফুটবলে অংশ নেয়। টিএফএ সচিব অমিত চৌধুরী এখবর জানান।

********************

**Weather:**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ দশমিক ছয় ডিগ্রী এবং সর্বনিম্ন চব্বিশ ডিগ্রী সেলসিয়াস। আগামীকাল রাজ্যের দুয়েক জায়গায় তাপপ্রবাহ ও বাতাসে আর্দ্রতার পরিমাপ বৃদ্ধি পাবে বলে আবহাওয়া দপ্তর সতর্কতা জারি করেছে।

********************

********************